

بِسْمِ الرَّحْمَنِ الرَّحِيمِ



Phone: (202) 244-0183  
Fax : (202) 244-2771/7830  
E-mali: bdoot\_pwash@yahoo.com  
Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE  
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH  
3510 International Drive, NW  
Washington, D.C. 20008

## Press Release

Dated : 05 November 2014

### **Bangladesh Embassy hosts “Embassy Night”—a special press briefing for the US National Press Club members**

The Embassy of Bangladesh organized a special press briefing at the Bangabandhu auditorium of the Embassy today (November 05, 2014). Titled as “ Bangladesh Embassy Night”—this is the second consecutive year, the Embassy has hosted such event in collaboration with the National Press Club (NPC) of the USA. More than 50 representatives from mainstream US media including Washognon Post, BBC, AP, Voice of America as well as members of National Press Club (NPC) Board of Governors and President of the NPC attended the event.

H.E. the Ambassador of Bangladesh to the USA Mr. Mohammad Ziauddin delivered a key-note speech at the event highlighting various dimensions of US-Bangladesh bilateral relations. He also elaborated on various socio-economic initiatives of the present Government putting democracy and economic prosperity on solid foundation. He stressed that within the last four decades of Bangladesh’s journey as a sovereign nation, the country has evolved as a role model for the developing world in many socio-economic areas.

With particular reference to the recently concluded US-Bangladesh *Partnership Dialogue*, Ambassador Ziauddin said that the relations between the two countries are set on a complimentary framework surrounding their national interests. He added that by recognizing areas of each other's strength, the countries look forward to a deeper and stronger relation in the days ahead. Acknowledging the concerns of the various US stakeholders on the labor and safety standards in the RMG factories in the country, he offered a detailed account on the significant progress made by the Government and the factory owners in this field since the tragic incident of Rana plaza collapse. He also offered an analysis about various disconnects surrounding the decision of the US administration to suspend Bangladesh’s GSP facilities. He urged upon the journalists to help building a case in favour of Bangladesh’s duty and quota free access to the US market.

After the deliberation, Ambassador Ziauddin took on questions from the journalists. The Q/A session covered a wide range of issues surrounding US-Bangladesh bilateral relations including, among other things, Bangladesh-India relations, Bangladesh-China relations, climate change, countering terrorism and violent extremism, FDI in power and energy sector, women-empowerment, freedom of press, civil society, Grameen Bank etc.

Mr. Mayron Belkind, the President of the National Press Club moderated the Q/A session. In his remarks, he thanked Bangladesh Embassy for organizing the event. He termed the event as an important platform for sharing ideas and perspectives between the Embassy and the mainstream media in the USA.

At the end of the programme, the guests were served with traditional Bangladeshi cuisine.

بِسْمِ الرَّحْمَنِ الرَّحِيمِ



Phone: (202) 244-0183

Fax : (202) 244-2771/7830

E-mali: bdoot\_pwash@yahoo.com

Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE  
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH  
3510 International Drive, NW  
Washington, D.C. 20008

## প্রেস বিজ্ঞপ্তি

তারিখ : ০৫ নভেম্বর ২০১৪

বাংলাদেশ দূতাবাস ও মার্কিন জাতীয় প্রেস ক্লাবের উদ্যোগে “এম্বেসী নাইট” শীর্ষক এক বিশেষ প্রেস ব্রিফিং অনুষ্ঠিত

আজ (০৫ নভেম্বর ২০১৪) বাংলাদেশ দূতাবাসের আয়োজনে দূতাবাসের বঙ্গবন্ধু অডিটোরিয়ামে মার্কিন জাতীয় প্রেস ক্লাবের সদস্যদের অংশগ্রহণে বাংলাদেশ “এম্বেসী নাইট” শীর্ষক এক বিশেষ প্রেস ব্রিফিং এর আয়োজন করা হয়। বাংলাদেশ দূতাবাসে দ্বিতীয়বারের মতো আয়োজিত এ অনুষ্ঠানে ওয়াশিংটন পোস্ট, এসোসিয়েটেড প্রেস, বি.বি.সি ও ভয়েস অব আমেরিকাসহ মার্কিন মিডিয়া জগতের পঞ্চাশোর্ধ সংবাদকর্মী অংশগ্রহণ করেন। মার্কিন যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদূত মোহাম্মদ জিয়াউদ্দিন অনুষ্ঠানে বাংলাদেশ মার্কিন যুক্তরাষ্ট্র দ্বিপাক্ষিক সম্পর্কের উপর মূল প্রবন্ধ পাঠ করেন। তিনি তাঁর বক্তব্যে বর্তমান সরকারের বিভিন্ন আর্থসামাজিক উন্নয়নমূলক কর্মকান্ড সম্পর্কে সংবাদকর্মীদের অবহিত করেন। তিনি বলেন, বর্তমান সরকার দেশে গণতন্ত্র ও অর্থনৈতিক উন্নয়নকে একটি মজবুত ভিত্তির উপর প্রতিষ্ঠা করার জন্য নিরলস পরিশ্রম করে যাচ্ছে। তিনি আরও বলেন, স্বাধীন দেশ হিসেবে বিগত চার দশকের অগ্রযাত্রা বাংলাদেশকে উন্নয়নশীল বিশ্বের জন্য রোল মডেল হিসেবে পরিচিত করেছে।

সদ্য সমাপ্ত বাংলাদেশ ও মার্কিন যুক্তরাষ্ট্র অংশীদারিত্ব সংলাপের সাফল্যের বিষয়ে আলোকপাত করে রাষ্ট্রদূত জিয়াউদ্দিন বলেন, দু'দেশের দ্বিপাক্ষিক সম্পর্ক একটি সম্পূর্ণ কাঠামোর সুদৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত। তিনি বলেন, পারম্পরিক সামর্থ্যের সাথে তাল মিলিয়ে দু'দেশ তাঁদের দ্বিপাক্ষিক সম্পর্কে ভবিষ্যতে আরও গভীর ও সুদৃঢ় করতে বদ্ধ পরিকর। বাংলাদেশের তৈরী পোশাক শিল্পে বিদ্যমান শ্রম ও কর্মস্থলে নিরাপত্তা বিষয়ে তিনি রানা প্লাজার মর্মান্তিক দুর্ঘটনার পরবর্তীকালে সরকার ও কারখানা মালিকগণ গৃহীত বিভিন্ন নিরাপত্তামূলক পদক্ষেপ সম্পর্কে উপস্থিত সংবাদকর্মীদের অবহিত করেন। মার্কিন সরকার কর্তৃক জিএসপি সুবিধা বাতিল করার প্রসঙ্গে তিনি বলেন, জিএসপি সুবিধা বাতিল বাংলাদেশের শ্রমমান উন্নয়ন ও নারীর ক্ষমতায়নে প্রতিবন্ধকতা সৃষ্টি করেছে। বাংলাদেশের রপ্তানীপণ্যের জন্য মার্কিন বাজারে শুল্ক ও কোটামুক্ত প্রবেশাধিকারের পক্ষে মতামত সৃষ্টিতে বাংলাদেশকে সহায়তা করার জন্যও তিনি সংবাদকর্মীদের অনুরোধ করেন।

মূল প্রবন্ধের পর প্রশ্নোত্তর পর্বে বাংলাদেশ মার্কিন যুক্তরাষ্ট্রের দ্বিপাক্ষিক সম্পর্কের বিভিন্ন দিক যেমন : বাংলাদেশ-চীন সম্পর্ক, বাংলাদেশ - ভারত সম্পর্ক, জলবায়ু পরিবর্তন, বিদ্যুৎ ক্ষেত্রে বিনিয়োগ, নারীর ক্ষমতায়ন, যুদ্ধাপরাধীদের বিচার, সন্ত্রাসবাদ নিরোধ, গ্রামীন ব্যাংক, সংবাদপত্রের স্বাধীনতা ও প্রবাসী কল্যাণ ইত্যাদি বিষয় স্থান পায়।

মার্কিন জাতীয় প্রেস ক্লাবের প্রেসিডেন্ট জনাব মায়রন বেলকাইন্ড প্রশ্নোত্তর পর্বটি সঞ্চালনা করেন। তিনি বাংলাদেশ দূতাবাসকে অনুষ্ঠানটি আয়োজনের জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি বলেন, দু'দেশের মধ্যে তথ্যগত ও ভাবগত আদান প্রদানের ক্ষেত্রে তৈরীতে বাংলাদেশ দূতাবাসের এ উদ্যোগ বিশেষ ভূমিকা রাখবে।

অনুষ্ঠান শেষে উপস্থিত অতিথিদের ঐতিহ্যবাহী বাংলাদেশী খাবার দিয়ে আপ্যায়ন করা হয়।

